



# কুমিল্লা বিশ্ববিদ্যালয়

কুমিল্লা-৩৫০৬



ফোন: ০২৩৩৪৪১১১৪৫, মোবাইল: ০১৭৯০-৯৭৭৪৯৭, ই-মেইল: registrar@cou.ac.bd, website: www.cou.ac.bd

স্মারক কু:বি:/তথ্য ও জন./প্র.বি/২০০৯/৩৭৯

তারিখ: ৩০/০৯/২০২৩ খ্রি.

## প্রস বিজ্ঞপ্তি

### কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে প্রথমবারের মতো TEDx ইভেন্ট অনুষ্ঠিত

আন্তর্জাতিক প্ল্যাটফর্ম TEDx এর উদ্যোগে কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে প্রথমবারের মতো বক্তৃতামালা অনুষ্ঠিত হয়েছে। আজ শনিবার (৩০ সেপ্টেম্বর) সকাল ১০.৩০ ঘটিকায় কুমিল্লা বার্ডের ময়নামতি মিলনায়তনে এই বক্তৃতামালা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. এ এফ এম আবদুল মঈন বাংলাদেশের বিশ্ববিদ্যালয়গুলোর শিক্ষা ও শিক্ষার মান কিভাবে উন্নত করা যায় তার উপর বক্তব্য দেন।

TEDx বক্তৃতায় মাননীয় উপাচার্য প্রফেসর ড. এ এফ এম আবদুল মঈন বলেন, বিশ্ববিদ্যালয়গুলোর জন্য একটি কার্যকরী ভিশন তৈরির উপর জোর দিতে হবে এবং মুখস্থ বিদ্যার পরিবর্তে শিক্ষার্থীদের ক্রিটিকাল থিংকিং, অথেন্টিক লার্নিং, রেসিলিয়েন্স, এনালিটিক্যাল এবিলিটি বৃদ্ধির জন্য পদক্ষেপ নেওয়ার প্রতি গুরুত্ব করেন। তিনি বলেন, বিশ্ববিদ্যালয়ে এমন ধরনের শিক্ষণ পদ্ধতি ডিজাইন করতে হবে যা অর্থবহ, গঠনমূলক, অথেন্টিক, লাইফ-লং এবং তা শিক্ষার্থীদের এনগেজ করতে সমর্থ হয়। বিশ্ববিদ্যালয় পর্যায়ে ক্রিটিকাল থিংকিং বৃদ্ধির জন্য কোর্সগুলোতে অতিরিক্ত মাত্রায় অ্যাসেসমেন্ট কমানো, বিশেষ করে শেষের দিকে MCQ এর পরিবর্তে সামেটিভ অ্যাসেসমেন্ট এবং রচনা লিখা, ক্রিটিকাল ইভালুয়েসন, সমস্যা-ভিত্তিক জ্ঞান অর্জনে যা প্রয়োজন তার প্রতি জোর দিতে হবে। সারফেস লার্নিং এর পরিবর্তে ডিপ লার্নিং এর প্রতি জোর দিতে হবে এবং শিক্ষকদেরকে ফেসিলিটের এর ভূমিকা নিতে হবে।

অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন বিষয়বস্তু নির্মাতা সাদমান সাদিক, মেঘনা গ্রুপ অব ইন্ডাস্ট্রিজের সিএইচআরও আতিক উজ জামান খান, গীতিকার ও সুরকার হায়দার হুসেন, আন্তর্জাতিক ফটোসাংবাদিক জিএমবি আকাশ, লেক্সট ভেশ্বারসের সিইও আবদুল্লাহ জায়েদ প্রমুখ।

উল্লেখ্য, TEDx একটি TED-অধিভুক্ত প্ল্যাটফর্ম। TED হল মার্কিন যুক্তরাষ্ট্র ভিত্তিক একটি অলাভজনক সংস্থা যা আন্তর্জাতিকভাবে বিভিন্ন ইভেন্ট বা সম্মেলনের আয়োজন করে এবং বিশ্বের বিভিন্ন এবং বিখ্যাত কাজের সাথে জড়িত ব্যক্তিদের আমন্ত্রণ জানায়। এই সমস্ত লোকেরা এই ইভেন্টটিকে তাদের অভিজ্ঞতা, উদ্ভাবনী ধারণা এবং কৌশল এবং সমাজের বিভিন্ন ইতিবাচক দিক সম্পর্কে বিশ্বকে একটি প্ল্যাটফর্ম হিসাবে ব্যবহার করে বক্তৃতা দেয়।

এই বছর ১৭ এপ্রিল, কুমিল্লা বিশ্ববিদ্যালয় একটি TEDx ইভেন্ট আয়োজনের জন্য TED থেকে অনুমোদন পায়।

(মোহাম্মদ এমদাদুল হক)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)  
কুমিল্লা বিশ্ববিদ্যালয়, কুমিল্লা

অনুলিপি:

১. পিএস টু ভিসি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
২. পিএস টু প্রো-ভিসি (প্রো-ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
৩. পিএ টু ট্রেজারার (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), কুবি।
৪. সংশ্লিষ্ট নথি